

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৯২৬
খোয়াই, ২২ ফেব্রুয়ারি, ২০২৪

খোয়াই জিলা পরিষদের কৃষি বিষয়ক স্থায়ী কমিটির সভা

খোয়াই জিলা পরিষদের কনফারেন্স হলে গতকাল জিলা পরিষদের কৃষি বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন স্থায়ী কমিটির সভাপতি সত্যেন্দ্র চন্দ্র দাস। সভায় উপস্থিত ছিলেন জিলা পরিষদের সভাপতি জয়দেব দেববর্মা, স্থায়ী কমিটির সদস্য সদস্যগণ এবং সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ। সভায় উদ্যান পালন ও ভূমি সুরক্ষণ দপ্তরের প্রতিনিধি জানান, মুখ্যমন্ত্রী স্বনির্ভর পরিবার যোজনায় চলতি অর্থবছরে জেলার ১২,২১৩টি পরিবারকে ফল ও অর্থকরি ফসল চাষে সহায়তা দেওয়া হয়েছে। আরবান হাটিকালচার প্রকল্পে ৬২৫জন সুবিধাভোগীকে আম, নারিকেল, আপেল কুল এবং বিভিন্ন সজী চাষে সহায়তা দেওয়া হয়েছে।

সভায় প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের প্রতিনিধি জানান, জেলার মোট ২৫২জন সুবিধাভোগীকে মুখ্যমন্ত্রী প্রাণীপালক সম্মান নিধি প্রকল্পের আওতায় আনা হয়েছে। তাছাড়া মুখ্যমন্ত্রী স্বনির্ভর পরিবার যোজনায় জেলার খোয়াই ব্লকের ৫১৯টি, তুলাশিখর ব্লকের ৩৩১টি, পদ্মাবিল ব্লকের ৩৭৬টি, কল্যাণপুর ব্লকের ৪৭১টি, তেলিয়ামুড়া ব্লকের ৪৮৪টি ও মুঙ্গিয়াকামী ব্লকের ১৫০টি পরিবারকে মোরগ পালনে সহায়তা দেওয়া হয়েছে। তাছাড়া জেলার ১,১৫০টি পরিবারকে হাঁসপালনে সহায়তা দেওয়া হয়েছে। সভায় মৎস্য দপ্তরের প্রতিনিধি জানান জেলায় চলতি অর্থবছরে ৬৩ জন মৎস্যজীবীকে মুখ্যমন্ত্রী মৎস্য সম্মান নিধি প্রকল্পের আওতায় আনা হবে। প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় জেলার ৫০ জন প্রান্তিক মৎস্য বিক্রেতাকে ১টি করে আইসবক্স প্রদান করা হয়েছে।
